

পণ্য

ওরাকবিতা লেখে না
সাহিত্য বোঝে না
রাজনীতি করে না।

ওরা অন্ধকারে এক কোণে পড়ে থাকা
বহুতলঅটালিকার নিচে
অনিবার্য ঝুপড়ি'র মতন।

তবুওদের নিয়ে আমরাই লিখি কবিতা
বানাইচলচ্চিত্র, করি রাজনীতি
আহাআমরা কী ভালো !

কালোভূতো খগেন নগেনেরা
টেপি বুড়ী চম্পা চামেলীরা
জানেওনা
তারা আজ কোটি টাকার ।

আশিসচৌধুরী

